রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারী ১৮, ১৯৯২

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### শিক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ ১২ই জানুয়ারী ১৯৯২/২৮শে পৌষ ১৩৯৮

এস আর ও নং ৭-আইন ৯২।--গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতৎ সম্পর্কিত প্রচলিত সকল বিধিমালা বাতিলক্রমে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনামা—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা) (শিক্ষানবিসগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা) বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল।

(গ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ National Academy for Educational Management (NAEM) অথবা B.P.A.T.C. অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান;

(ঘ) "বিভাগীয় পরীক্ষা" অর্থ বিধি ৪ এর অধীন অনুষ্ঠিতব্য বিভাগীয় পরীক্ষা;

(ঙ) "শিক্ষানবিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কোন প্রারম্ভিক পদে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি;



মূল্য : টাকা ২.০০

(চ) "শিক্ষানবিসীকাল" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Rule (1) এ উল্লিখিত মেয়াদ এবং উক্ত অনুসারে বর্ধিত বা বর্ধিত বলিয়া গণ্য মেয়াদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। প্রশিক্ষণ—(১) শিক্ষানবিসীকালে সরকার Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Rule 7 অনুসারে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রত্যেক শিক্ষানবিসকে বুনিয়াদী প্রশিক্ষণ (Foundation Training) দানের জন্য ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে সরকার প্রশিক্ষণের ব্যবস্থা করিলে সংশ্লিষ্ট শিক্ষানবিস উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।

(৩) সংশ্লিষ্ট প্রশিক্ষণ—প্রতিষ্ঠান প্রশিক্ষণের পাঠক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে সরকার, প্রয়োজনবোধে, উক্ত প্রতিষ্ঠানকে তৎসম্পর্কে প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৪) প্রত্যেক প্রশিক্ষণার্থী সফলতার সহিত তাঁহার প্রশিক্ষণ সমাপ্ত করিয়াছেন কিনা, তৎসম্পর্কে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান,-প্রশিক্ষণ সমাপ্তির পর, সরকারের নিকট এক প্রতিবেদন পেশ করিবেন এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনের নথিতে রক্ষিত থাকিবে।

(৫) কোন প্রশিক্ষনার্থী সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাঁহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।

৪। বিভাগীয় পরীক্ষা—(১) শিক্ষানবিসীকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসকে তফসিলে বিধৃত পাঠক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় পাস করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরীক্ষা কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

৫। বিভাগীয় পরীক্ষার সময়সূচী, ইত্যাদি—(১) প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে, বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

(২) কমিশন পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুষংগিক তথ্যাদি সরকারকে অবহিত করিবে এবং সরকার কমিশনের চাহিদা মোতাবেক তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

৬। বিভাগীয় পরীক্ষার পাসের নম্বর—(১) তফসিলে উল্লিখিত প্রতিটি পত্রে কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় শতকরা ৬০ নম্বর পাইলে তাঁহাকে কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কমিশন প্রত্যেক শিক্ষানবিসের পরীক্ষার ফলাফল গেজেটে প্রকাশ করিবে।

৭। একাধিকবার বিভাগীয় পরীক্ষার সুযোগ।—কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় তফসিলে উল্লেখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্রে বা পত্রসমূহে অকৃতকার্য হন, তাঁহার শিক্ষানবিসীকালে সেই পত্রে বা পত্রসমূহে পরীক্ষা দেওয়ার জন্য তাঁহাকে এক বা একাধিকবার সুযোগ দেওয়া হইবে।

৮। প্রশ্নপত্র—(১) তফসিলে উল্লিখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

(২) দ্বিতীয় পত্রের প্রশ্ন পত্র মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক মনোনীত উপ-মহা হিসাব নিয়ন্ত্রক এর নিম্নে নহেন এমন কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

(৩) সরকার, প্রয়োজনবোধে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, মুশ্তাফিজুর রহমান
সচিব।

---

তফসিল

বি, সি, এস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম

প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

পূর্ণমান—১০০ (পাস নম্বর-৬০)

সময় ৩ ঘন্টা।

পাঠ্য বিষয়সমূহ:

(ক) বাংলাদেশ সার্ভিস রুলস, ভলিউম-১ ও ২।

(খ) গভর্নমেন্ট সারভেন্টস কনডাক্ট রুলস, ১৯৭৯।

(গ) পাবলিক এমপ্লয়ীজ ডিসিপ্লিন (পাঙ্কুয়্যাল এটেনডেন্স) অডিন্যান্স, ১৯৮২।

(ঘ) গভর্নমেন্ট সারভেন্টস্ (ডিসিপ্লিন এ্যাণ্ড এ্যাপীল) রুলস, ১৯৮৫।

(ঙ) গভর্নমেন্ট সারভেন্টস্ (পেশান প্রভিশন) অডিন্যান্স, ১৯৭৯।

(চ) কার্যবিধি মালা, ১৯৭৫ (হালনাগাদ সংশোধনীসহ)।

(ছ) দি অফিসিয়াল সিক্রেটস এ্যাক্ট, ১৯২৩।

(জ) বাংলাদেশের সংবিধান গণ সেবক সম্পর্কীয় ধারাসমূহ।

(ঝ) দি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (কনসালটেশন) রেগুলেশন, ১৯৭৯।

তফসিল

বি, সি, এস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম
দ্বিতীয় পত্র
হিসাব (পুস্তকসহ)
পূর্ণমান—১০০ (পাস নম্বর -৬০)
সময় ৩ ঘন্টা।

পাঠ্য বিষয়সমূহ:

(ক) বাংলাদেশ ফিনানসিয়াল রুলস

(খ) ফাণ্ডামেন্টাল রুলস এণ্ড সাবসিডিয়ারী রুলস

(গ) ট্রেজারী রুলস, ভলিউম ১ ও ২

(ঘ) এ্যাকাউন্টস কোড

(ঙ) অডিট ম্যানুয়াল

(চ) জেনারেল প্রভিডেন্ট ফাণ্ড রুলস

(ছ) পাবলিক সারভেন্টস রিটায়ারমেন্ট এ্যাক্ট ১৯৭৪ এণ্ড রুলস

(জ) ডেলিগেশন অব ফিনানসিয়াল পাওয়ারস্

(ঝ) বেনেভোলেন্ট ফাণ্ড এণ্ড গ্রুপ ইন্সুরেন্স রুলস্

(ঞ) ছুটি বিধি।

তফসিল

বি, সি, এস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম
তৃতীয় পত্র
সাধারণ শিক্ষা ব্যবস্থাপনা সম্বন্ধীয় বিষয়াদি (পুস্তক ব্যতীত)
পূর্ণমান—১০০ (পাস নম্বর-৬০)
সময় ৩ ঘন্টা।

পাঠ্য বিষয়সমূহ:

১। শিক্ষা ব্যবস্থা: মানব সম্পদ উন্নয়ন:

(ক) প্রাথমিক শিক্ষা ব্যবস্থা,

(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা,

(গ) উচ্চ শিক্ষা ব্যবস্থা,

(ঘ) ধর্মশিক্ষা ব্যবস্থা।

২। তুলনামূলক শিক্ষা ব্যবস্থা : বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, জাপান, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য।

৩। প্রশাসনিক ব্যবস্থা : মন্ত্রণালয়/বিভাগ/সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এবং স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানসমূহের সংগে সম্পর্ক এবং কার্যাবলী ও কর্মপদ্ধতি।

৪। অর্থ প্রশাসন : অর্থ প্রশাসনের প্রধান প্রধান দিকসমূহ, বাংলাদেশ সরকারের বাজেট প্রণয়ন, রাজস্ব বাজেট, উন্নয়ন বাজেট।

সম্পদের উৎস,
(ক) অভ্যন্তরীণ,
(খ) বৈদেশিক,

৫। প্রশিক্ষণ ব্যবস্থা : শিক্ষক প্রশিক্ষণ,
শিক্ষা পরিকল্পনা, প্রশাসন ও ব্যবস্থাপনা,
জনশক্তি পরিকল্পনা ও ক্যারিয়ার প্লানিং।

৬। শিক্ষা প্রশাসনের বিধি বিধানসমূহ :
(ক) কলেজ শিক্ষা সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান,
(খ) মাধ্যমিক শিক্ষা সম্পর্কিত শিক্ষা বোর্ডসমূহের বিধি বিধান।

৭। শিক্ষা ব্যবস্থা মূল্যায়ন পদ্ধতি ও শিক্ষা প্রশাসনের জবাবদিহি ব্যবস্থা :
পরিদর্শন ও হিসাব নিরীক্ষা এবং সমস্যাবলী পরীক্ষা পদ্ধতি, শিক্ষা পরিবীক্ষন।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।